দৈনিক বাংলা     067

তারিখ ... ২৪।৩।৭৪
পৃষ্ঠা ... ... ১ ... কলাম ... ৫



# মওলানা আজহারীর ইন্তেকাল

(স্টাফ রিপোর্টার)

দেশের খ্যাতনামা আলেম, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামী চিন্তাবিদ, বিশিষ্ট শিক্ষাবিদ মওলানা মোহাম্মদ আলাউদ্দীন আল আজহারী গতকাল সোমবার সকাল ৭টায় পিজি হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে.......রাজেউন।) মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫০ বছর।

তিনি এমাপ্লাস্টিক কার্সিনিউমা রোগে গত চার মাস যাবৎ ভুগছিলেন। ৭ই মার্চ তিনি হাসপাতালে ভর্তি হন। ১৬ই মার্চ তাঁর দেহে অস্ত্রোপচার করা হয়।

(১-এর পৃঃ পর)

গতকাল বিকেলে বায়তুল মোকাররম মসজিদ প্রাঙ্গণে তাঁর নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। এবং তাঁর বড় মগবাজারস্থ বাসার কাছে মসজিদের পাশে তাঁকে দাফন করা হয়। তিনি স্ত্রী, এক মেয়ে, বহু আত্মীয়-স্বজন ও দেশব্যাপী অসংখ্য ভক্ত-অনুরক্ত রেখে গেছেন। গতকাল তাঁর মৃত্যুর খবর পেয়ে বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন আরব রাষ্ট্রের রাষ্ট্রদূত বহু আত্মীয়-স্বজন ও অসংখ্য অনুগ্রাহী মরহুমের প্রতি শেষ শ্রদ্ধা জানাতে তাঁর বাসায় যান।

একজন বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ হিসেবে মওলানা আজহারী দেশে বিদেশে সুপরিচিত ছিলেন। কৃতী ছাত্র মওলানা আজহারী অত্যন্ত সাফল্যের সাথে ছাত্র জীবন অতিবাহিত করেন। তিনি মিসরের আল আজহার বিশ্ববিদ্যালয় থেকে আরবী ভাষা সাহিত্যে ডিগ্রী লাভ করেন। ১৯৫৫—৫৭ এই দু বছর তিনি আল আজহার বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। তিনি দীর্ঘকাল ঢাকা সরকারী আলীয়া মাদ্রাসায় আরবী ভাষা ও সাহিত্য বিভাগের প্রধান হিসেবে কাজ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি ঐ পদেই অধিষ্ঠিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটে তিনি আরবী ভাষা শিক্ষা কোর্স পরিচালনা করেন। তিনি প্রায় ১৩টি গ্রন্থের লেখক। তার মধ্যে উল্লেখ্য, ৫ খন্ডে সমাপ্ত আরবী—বাংলা অভিধান। তিনি বিভিন্ন সমাজ সেবামূলক প্রতিষ্ঠানের সাথে জড়িত ছিলেন। বাংলাদেশ মসজিদ মিশনের তিনি ছিলেন প্রতিষ্ঠাতা সভাপতি। তিনি বাংলা, আরবী, উর্দু, ফারসী ও ইংরেজী ভাষায় বিশেষ পারদর্শী ছিলেন।